ভারত ও ইকুয়েডরের মধ্যে ষষ্ঠ দফার বিদেশ দপ্তর পর্যায়ের বৈঠক (10 নভেম্বর, 2026)

ভারত-ইকুয়েডর ষষ্ঠ দফার বিদেশ দপ্তর পর্যায়ের বৈঠক (এফওসি) 10 নভেম্বর 2026 তারিখে নয়াদিল্লীতে অনুষ্ঠিত হয়। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন বিদেশ মন্ত্রকের সচিব (পূর্ব) শ্রী রুদ্রেন্দ্র ট্যান্ডন এবং ইকুয়েডরের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন দেশটির বিদেশ বিষয়ক ও মানব অভিবাসন মন্ত্রকের উপমন্ত্রী শ্রী আলেহান্দ্রো দাভালোস।

2. উভয় পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি পর্যালোচনা করেন এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে মতবিনিময় করেন।

3. ভারত সফরকালে ইকুয়েডরের বিদেশ বিষয়ক উপমন্ত্রী শ্রী দাভালোস বাণিজ্য সচিব, স্বাস্থ্য সচিব এবং ফার্মাসিউটিক্যালস বিভাগের সচিবের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। তিনি ভারতীয় বিজনেস ফোরামের সাথেও সাক্ষাৎ করেন।

নয়া দিল্লী

10 নভেম্বর, 2026